# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- .............................................. তারিখঃ ..........................

**প্রেরক :** বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

**প্রাপক :** প্রধান শিক্ষক,
রাঘবপুর উচ্চ বিদ্যালয়
ডাক: দরগাতলাহাট, উপজেলা/থানা: জয়পুরহাট সদর
জেলা: জয়পুরহাট।

**বিষয় :** **মাধ্যমিক পর্যায়ে অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

**সূত্র:** **শিক্ষা মন্ত্রণালয়ের নথি নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৮.১৬.৫৪৫** **তারিখ:** **২২/০৬/২০১৭ইং**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন রাঘবপুর উচ্চ বিদ্যালয়ে মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদানে সম্মতি জ্ঞাপন করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২২/০৬/২০১৭ইং তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান করা হ'ল।

**শর্তসমূহ:**

১। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে নিয়োগকৃত জনবলের বেতন ভাতাদি বহন করতে হবে।
২। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী বৃদ্ধি ও ফলাফল সন্তোষজনক করতে হবে।
৩। বিদ্যালয় প্রাঙ্গণে ফলজ বৃক্ষ রোপন করতে হবে।
৪। বিদ্যালয়ে খেলাধুলার মাঠের উন্নয়ন করতে হবে।
৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
৬। বিদ্যালয়টির সীমানা প্রাচীর দিতে হবে।
৭। সর্বশেষ চাকুরী বিধি মোতাবেক যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে।
৮। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের নামে অবৈধভাবে চাঁদা আদায় করা যাবে না।
৯। অনুদানের অর্থ রশিদের মাধ্যমে সংগ্রহ করত: তা প্রতিষ্ঠানের ফান্ডে জমা করত: প্রতিষ্ঠানের উন্নয়নে যথাযথ ভাবে খরচ করতে হবে এবং তার নীরিক্ষা করাতে হবে।
১০। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের অর্থ তছরুপ সম্বন্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষনিক বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
১১। বিদ্যালয়ে পাঁচ সদস্যের অভ্যন্তরীন অডিট কমিটি গঠন করে প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যায়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমদুয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে।অন্যথায় পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবে না। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় উক্ত অডিট রিপোর্ট তলব করলে তা দাখিল করতে করবে।
১২। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।

স্বা/-
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
**০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)**

স্মারক নং- ৬/ জস/৪২/৭৮৭ তারিখ: ২২.৬.১৭

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ-**

১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, রাজশাহী শিক্ষা বোর্ড।
৭। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), রাজশাহী শিক্ষা বোর্ড।
৮। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১০। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

০৭/০৭/১৭
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

৭.৭.১৭

SCHOOL_G/Rizaul -2-Madamik -Parji-Madamk_Akademik-Prodan-03-Peg-50

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

স্মারক নং- .............................................. তারিখ : ..............................

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক,
শিবগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়
ডাকঘর : শিবগঞ্জ, উপজেলা/থানা : শিবগঞ্জ, জেলা : বগুড়া।

**বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি।**

সূত্র : প্রধান শিক্ষকের আবেদনের তারিখ- ০৯/০৮/২০১৭ ইং।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি দেয়া হলো। পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এস.আর ও নম্বর ১৫৬/আইন/২০০৯ এর ৩৯ ধারা ও তার উপধারা ও প্রচলিত বিধি মোতাবেক এডহক কমিটির প্রস্তাব জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরে স্বয়ংসম্পূর্ণ অবস্থায় বোর্ডের অনুমোদনের জন্য দাখিল করতে হবে।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

স্মারক নং ........................ তারিখ : ........................

**অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ-**

১। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া।

২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।

৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।

৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা বোর্ড রাজশাহী (অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ........................................ তারিখ : ..............................

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক
গুলিয়া কৃষ্ণপুর এম,এইচ দ্বিমুখী উচ্চ বিদ্যালয়
ডাকঘর : গুলিয়া কৃষ্ণপুর, উপজেলা/থানা : নন্দীগ্রাম, জেলা : বগুড়া।

**বিষয় : ম্যানেজিং কমিটি অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র : প্রধান শিক্ষকের আবেদন তারিখ- ১০/০৮/২০১৭ ইং

উপরোক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর প্রবিধানমালা, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা- উপধারা অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া হলো এবং এই প্রজ্ঞাপন জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অনুষ্ঠিতব্য ১ম সভার তারিখ হতে আগামী ০২ (দুই) বছরের জন্য বহাল থাকিবে। উল্লেখ্য, বোর্ড বা সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অমান্যকরণ, অদক্ষতা, আর্থিক অনিয়ম, অব্যবস্থাপনা বা অনুরূপ যে কোন কারণে ৩৮ বিধি মোতাবেক বোর্ড যে কোন সময় ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিতে বা কমিটির সভাপতি সহ যে কোন সদস্যের সদস্য পদ বাতিল করতে পারবে।

| ক্রঃ নং | নাম | ক্যাটাগরী | পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ফেরদৌস আলী মৃধা | দাতা সদস্য | সভাপতি |
| ২. | জনাব মোঃ এমদাদুল হক | অভিভাবক সদস্য | সদস্য |
| ৩. | জনাব মোঃ শামছুর রহমান | অভিভাবক সদস্য | সদস্য |
| ৪. | জনাব মোঃ শামছুর রহমান | অভিভাবক সদস্য | সদস্য |
| ৫. | জনাব মোঃ মাহফুজুল হক | অভিভাবক সদস্য | সদস্য |
| ৬. | জনাব মোছাঃ রাবেয়া বেওয়া | অভিভাবক সদস্য (সংরক্ষিত) মহিলা | সদস্য |
| ৭. | জনাব মোঃ আশরাফ আলী | শিক্ষক সদস্য | সদস্য |
| ৮. | জনাব মোঃ জাহেদুল ইসলাম | শিক্ষক সদস্য | সদস্য |
| ৯. | জনাব মোছাঃ ছাবিনা ইয়াসমিন | শিক্ষক সদস্য (সংরক্ষিত) মহিলা | সদস্য |
| ১০. | প্রধান শিক্ষক, গুলিয়া কৃষ্ণপুর এম,এইচ দ্বিমুখী উচ্চ বিদ্যালয় | পদাধিকারবলে | সম্পাদক |

বিঃদ্রঃ ম্যানেজিং কমিটির ১ম সভার রেজুলেশন সভা অনুষ্ঠিত হওয়ার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যেই অবশ্যই বোর্ডে দাখিল করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

স্মারক নং- ........................................ তারিখ : ..............................

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :**

১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
২। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা বোর্ড রাজশাহী (অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, গুলিয়া কৃষ্ণপুর এম,এইচ দ্বিমুখী উচ্চ বিদ্যালয়
ডাকঘর : গুলিয়া কৃষ্ণপুর, উপজেলা/থানা : নন্দীগ্রাম, জেলা : বগুড়া।
৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)